



পুকুরের জল শুকিয়ে খটখটে। সেখানেই চলছে জমিয়ে খেলা। আমডাঙায় অমর করের তোলা ছবি

# ঠিকাকর্মীর জন্য মমতার স্বাস্থ্যবিমা

▶ প্রথম পাতার পর

স্বাস্থ্য বরাবরই মুখমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বিশেষ নজরে রয়েছে। স্বাস্থ্য পরিষেবা সর্বজনীন করতে নিয়েছেন নানা ব্যবস্থা। দ্বিতীয় ইনিংসে ক্ষমতায় আসার পর থেকেই রাজ্য সরকার সকলের জন্য চিকিৎসা পরিষেবার ব্যাপ্তি বাড়ানোয় উদ্যোগী হয়। সরকারি হাসপাতালে বিনামূল্যে পরিষেবা আরও মসৃণ করতে সমস্ত মেডিক্যাল কলেজ ও জেলা হাসপাতালকে বারেবারেই সতর্ক করেছেন তিনি। যৌথ উদ্যোগে চলা বিভিন্ন প্যাথোলজি ল্যাবের পরীক্ষাও বিনামূল্যে করা হয়েছে জেলা হাসপাতাল ও মেডিক্যাল কলেজগুলিতে। এ বার স্বাস্থ্য বিমার আওতায় আরও বেশি মানুষকে যুক্ত করতে চাইছে সরকার। এতদিন এর আওতায় ছিল স্থায়ী সরকারি কর্মীরা। এ বার স্বাস্থ্য বিমার আওতায় আনা হচ্ছে সরকারের বিভিন্ন দপ্তরের অস্থায়ী ও ঠিকা কর্মীকে। এই রকম কর্মীর সংখ্যা আনুমানিক ৪০ লক্ষ হবে বলে সরকারি কর্তারা মনে করছেন।

এখন অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকদের একাংশের জন্য আছে রাষ্ট্রীয় স্বাস্থ্য বিমা যোজনা সংক্ষেপে আরএসবিওয়াই। এতে সরকারি ও বেসরকারি হাসপাতালে ৩০ হাজার টাকা অবধি ক্যাশলেস চিকিৎসার সুবিধে মেলে। সম্প্রতি আরএসবিওয়াই-এর উর্ধ্বসীমা ৩০ হাজার টাকা থেকে বাড়িয়ে ৫০ হাজার করতে উদ্যোগী হয়েছে স্বাস্থ্য দপ্তর। এ ছাড়া সরকারি কর্মীদের একাংশ রাজ্য সরকারের হেলথ স্কিমের সুবিধে পায়।

# গঙ্গাসাগর মেলা নিয়ে উদ্যোগ

...সময়: গঙ্গাসাগর মেলায় জল ও ...র থেকে রোগভোগ এবং বিষক্রিয়া ঠেকাতে কোমর বেঁধে নামছে রাজ্যের স্বাস্থ্য দপ্তর। ইতিমধ্যেই ডাক্তার, নার্স-সহ স্বাস্থ্যকর্মীদের টিম তৈরি করা হয়েছে। মেলার আগে থেকেই সেখানে চালু হয়ে যাবে খাবার ও জল পরীক্ষার অস্থায়ী ল্যাবরেটরি। বরাবরের মতো তৈরি হবে অস্থায়ী মর্গও। তবে, কেন্দ্রীয় সংস্থা নাইসেডের ডিরেক্টর শান্তা দত্ত বুধবার জানিয়েছেন, 'গঙ্গাসগর মেলায় ওরাল কলেরা ভ্যাকসিন (ওসিভি) খাওয়ানোর কোনও কর্মসূচি তাঁদের নেই। এ নিয়ে রাজ্যের স্বাস্থ্য দপ্তরের সঙ্গে নাইসেডের কোনও চিঠিচাপাটি হয়নি।' স্বাস্থ্য ভবন সূত্রে, জানানো হয়েছে স্বাস্থ্য রক্ষা ও চিকিৎসা পরিষেবার ক্ষেত্রে এবারের মেলাকে পুরোপুরি নির্ঝঞ্ঝাট রাখার লক্ষ্য নিয়ে এগোচ্ছে স্বাস্থ্য দপ্তর।


THE LINDE GROUP

Linde

## লিন্ডে ইন্ডিয়া লিমিটেড

সিআইএন ঃ এল৪০২০০ডব্লিউবি১৯৩৫পিএলসি০০৮১৮৪
রেজিঃ অফিস: অক্সিজেন হাউস, পি৪৩, তারাতলা রোড, কলকাতা ৭০০০৮৮
দূরভাষ ঃ +৯১৩৩৬৬০২ ১৬০০, ফ্যাক্স: +৯১৩৩২৪০১ ৪২০৬
ইমেল ঃ contact.lg.in@linde.com, আমাদের ভিসিট করুন ঃwww.linde.in

### সদস্যগণের উদ্দেশ্যে প্রেরিত বিজ্ঞপ্তি

কোম্পানিজ অ্যাক্ট, এর ২০১৩ সাল ধারা ২০১(২) অনুযায়ী কোম্পানির সদস্যগণের উদ্দেশ্যে বিজ্ঞপ্তি জারী করা হচ্ছে যে উক্ত কোম্পানি অনুমোদন প্রাপ্তির নিমিত্ত কেন্দ্রীয় সরকারের নিকট আবেদন জানাচ্ছেন কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ ("অ্যাক্ট") এর ধারা ১৯৭ ও অন্যান্য শর্তাবলীর ভিত্তিতে যেটি উক্ত অ্যাক্ট এর সিডিউল-V এর কাঠামোর সাথে একসাথে পঠিত হয়েছে যাতে শ্রী মলয় ব্যানার্জী, কোম্পানির ম্যানেজিং ডিরেক্টার কে অতিরিক্ত বেতন প্রদান করার কাজকে রদ করতে হবে যেটিতে উক্ত আর্থিক বৎসর সমাপ্ত হচ্ছে ৩১শে ডিসেম্বর ২০১৫ যা উক্ত আর্থিক বৎসরের লাভের অযথার্থতার জন্য ঘটেছে। শ্রী মলয় ব্যানার্জীর কোম্পানির ম্যানেজিং ডিরেক্টার হিসাবে নিয়োগ এবং বেতনের শর্তাবলী নির্ধারিত হয়েছিল বোর্ড অফ ডিরেক্টরস অফ দ্য কোম্পানি দ্বারা যার মধ্যে রেম্যুনারেশন কমিটির মনোনয়নের স্বীকৃতিও রয়েছে। উক্ত নিয়োগ এবং বেতনটি কোম্পানির ৭৮তম বার্ষিক সাধারণ সভায় কোম্পানির সদস্যগণ দ্বারা নির্ধারিত হয়েছিল গত ২৩শে মে ২০১৪ তারিখে, যেটির আংশিক পুর্ণবিন্যাস ঘটে কোম্পানির ৭৯তম বার্ষিক সাধারণ সভায় বিশেষ রেজলিউশন দ্বারা উক্ত ১৫মে ২০১৫ তারিখে।

লিন্ডে ইন্ডিয়া লিমিটেড এর পক্ষে

স্থান : কলকাতা — পবন মারদা

তারিখ : ২৭শে ডিসেম্বর ২০১৬ — অ্যাসিঃ ভাইস প্রেসিডেন্ট অ্যান্ড কোম্পানি সেক্রেটারি


...মানুষ বিজেপির সদস্য হওয়ার জন্য
দিয়েছিলেন, তাঁদের থেকে পাঁচ হাজার
সক্রিয় সদস্য করা যায়নি। খোদ বিজে
সভাপতি দিলীপ ঘোষই বলছেন, 'বাংলা
মানুষ মিস্ড কল দিয়ে বিজেপির সদস্য হ
এর মধ্যে ১৫ হাজার জনকে আনুষ্ঠা
সদস্য হওয়ার জন্য ফর্ম ফিলাপ করাতে
দলীয় সূত্রে অবশ্য খবর, ৪৬ লক্ষের
হাজার ফর্ম রাজ্য দপ্তরে জমা পড়লেও
ঝাড়াই-বাছাই করে সদস্য সংখ্যা দাঁ
হাজারেরও কম।

মোবাইলে মিস্ড কল দিয়ে অমিত শা
দেশেই বিজেপির সদস্য হওয়ার ডাক দি
গত বছর পুজোর আগে সেই অভিযান
গিয়েছে। রীতিমতো ঘটা করে রাজ্য
নেতারা তখন অমিত শাহদের জানি


মেট্রো রেল
কলকা
৩১.১২.২০১৬ তারিখে
নতুন বছরের প্রাক্কালে সম্ভাব্য
তারিখ (শনিবার) বর্ধিত সময়
থেকে রাত্রি ১২.১৫ মিনিট পর্যন্ত
নেওয়া হয়েছে। শনিবারে চলাচ
পরিবর্তে ওইদিন ২৫০টি ট্রেন চ
দ্রুত • নিরাপদ •




ফর্টিস
উড
ক্যান্সারের
ডে

Dr. Gouri Shankar Bhattacha
MD (Tropical Medicine), MD (General Medicin
Consultant Medical Oncologist, Fortis,

জেনোমিক টেস্ট কি?

২০ বছরের একটি সুস্থ মেয়ের যদি পারিবারিক ব্রেস্ট ক্যান্সারের নজির থাকে তাহলে তার নিজের ব্রেস্ট ক্যান্সারের ঝুঁকি সম্পর্কে নিশ্চিত হতে জেনোমিক পরীক্ষা করে নেওয়া উচিত। সাধারণ জেনেটিক পরীক্ষায় যেখানে একটি বা দুটি জিন-এর টেস্ট করা হয়, সেখানে জেনোমিক টেস্টে বিভিন্ন ধরণের টিউমারের ক্যান্সার সংক্রান্ত ডজন খানেক জিন ধরা পড়ে। যদি TP53 জিন-এ মিউটেশান ধরা পড়ে তাহলে ব্রেস্ট ক্যান্সার, ব্রেন ক্যান্সার, সারকোমা, লিউকেমিয়া বা অন্য কোন ক্যান্সার হওয়ার ৯০ শতাংশ চান্স থাকে।

মাল্টিজিন প্যানেল টেস্ট কি?

এক একটি জিন টেস্ট এক একবার না করে একাধিক জিন টেস্ট একবারে করার নামই হচ্ছে মাল্টিজিন প্যানেল টেস্ট। ২৮টিরও বেশি জিন যেগুলি ব্রেস্ট, ওভারি, কোলোরেক্টাল, ইউটেরাইন এবং অন্য অনেক ক্যান্সারের জন্য দায়ী, সেগুলি এই টেস্টে ধরা পড়ে। এই

অ্যাপোয়েন্টমেন্টের জন্য ফোন করুন
6628 4444
730 Anandapur, EM Bypass, Kolka


Ei Samay 29/12/16 P-7